


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
বানারীপাড়া, বরিশাল।



নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৮/০৪/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় বানারীপাড়া উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটির সভা জনাব সৈয়দা তাসলিমা হোসেন উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে তাঁর দপ্তরে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

আলোচ্য বিষয় :

- ১। অত্র উপজেলার বর্তমান স্যানিটেশন পরিস্থিতি পর্যালোচনা।
- ২। বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষ্যে নলকূপ স্থাপন বিষয়ে করণীয় নির্ধারণ।
- ৩। প্রতিটি পরিবারে স্বাস্থ্যসম্মত পায়খানা স্থাপন ও ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে করণীয় নির্ধারণ।
- ৪। বিবিধ।

২৪।


মোহাম্মদ নিজাম উদ্দিন
সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
বানারীপাড়া, বরিশাল।

স্মারক নং-৪৬.২০৩.১০০০.৪০১.১৪-৭৯(৮)

তাং-২৫/০৪/২০২২খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া, বরিশাল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বানারীপাড়া, বরিশাল।
- ৩। জনাববানারীপাড়া, বরিশাল।
- ৪। অফিস কপি।


মোহাম্মদ নিজাম উদ্দিন ২২
সদস্য-সচিব

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটি

ও

সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
বানারীপাড়া, বরিশাল।

উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	সৈয়দা তাসলিমা হোসেন উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান বানারীপাড়া, বরিশাল।
সভার তারিখ	:	২৮/০৪/২০২২ খ্রিঃ।
সভার স্থান	:	ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার সময়	:	সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিতি হাজিরা বিবরণী রেজিস্ট্রারে সংরক্ষিত।


প্রথমেই সভাপতি মহোদয় সভায় উপস্থিত সম্মানীত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্যের মাধ্যমে সভার কাজ শুরু করেন। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অত্র উপজেলার বর্তমান পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয়ে সভাকে অবহিত করেন।

সভায় সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল জানান যে, বর্তমান বছরে প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্র-ছাত্রীদের স্যানিটেশন সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ৭টি বিদ্যালয়ে ওয়াশরুম নির্মাণ কাজ চলমান রয়েছে। ইতিপূর্বে ২টি বিদ্যালয়ে ওয়াশরুমের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। বিদ্যালয়সমূহে ছাত্র-ছাত্রীদের নিরাপদ পানি নিশ্চিতকল্পে নতুন নলকুপ স্থাপনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। বরাদ্দকৃত নলকুপগুলো স্থাপনের জন্য ঠিকাদার নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। দ্রুততার সাথে নলকুপগুলো স্থাপনের কাজ আরম্ভ করা হবে। বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত :

- ১। বর্তমান অর্থবছরে বরাদ্দকৃত নলকুপগুলো দ্রুততার সাথে স্থাপনের জন্য সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলকে অনুরোধ জানানো হয়।
- ২। অত্র উপজেলার প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশরুম নির্মাণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলকে অনুরোধ জানানো হয়।
- ৩। আশ্রয়ন প্রকল্পে নলকুপগুলো সচল রাখার লক্ষ্যে মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলকে অনুরোধ জানানো হয়।
- ৪। এডিপির থেকে বরাদ্দ হতে প্রকল্প গ্রহণের মাধ্যমে স্বল্পমূল্যে স্লাব ও রিং তৈরী করে তা হতদরিদ্র পরিবারের মধ্যে বিতরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়। সভাপতি মহোদয়, ইউপি চেয়ারম্যানগণ এবং উপজেলা প্রকৌশলীকে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়।
- ৫। এডিপির থেকে বরাদ্দের ১৫% অর্থদ্বারা জনগনকে স্যানিটেশনে উদ্বুদ্ধ করণ বিভিন্ন কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানানো হয়।
- ৬। কোভিড-১৯ সংক্রমন মোকাবেলায় অত্র উপজেলায় এনজিওগুলোর মাধ্যমে স্যানিটেশনে জনগনকে উদ্বুদ্ধকরণ কার্যক্রম অব্যাহত রাখা যেতে পারে। উপজেলা নির্বাহী কর্মকর্তাকে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সৈয়দা তাসলিমা হোসেন
সভাপতি

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটি

ও


উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান
বানারীপাড়া, বরিশাল।

স্মারক নং-৪৬.২০৩.১০০০.৪০১.১৬-৮০(১০)

তাং-২৮/০৪/২০২২ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া, বরিশাল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বানারীপাড়া, বরিশাল।
- ৩। জনাব বানারীপাড়া, বরিশাল।
- ৪। অফিস কপি



মোহাম্মদ নিজাম উদ্দিন
সদস্য-সচিব

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটি

ও

সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
বানারীপাড়া, বরিশাল।

